# ALL INDIA RADIO, SILCHAR

*************

## EVENING NEWS BULLETIN

**BENGALI/ বাংলা**

**7 APRIL 2024**

**7:45-7:55 PM IST**

---

১) প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য বি জে পি মিত্রজোটের হয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং কংগ্রেস দলের জাতীয় সাধারণ সম্পাদক জীতেন্দ্র সিং-এর নির্বাচনী প্রচার ।

২) নির্বাচন কমিশনের সুবিধা পোর্টাল যোগে ৭৩ হাজারের অধিক আবেদন লাভ ।

৩) আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে সি পি আই দলের ইস্তাহার প্রকাশ ।

এবং

৪) আজ বিশ্ব স্বাস্থ্য দিবস ।

---

রাজ্যে প্রথম পর্যায়ের লিকসভা নির্বাচনের আর মাত্র ১২ দিন বাকি থাকা অবস্থায় বিভিন্ন রাজনৈতিক দল নিজ নিজ দলের প্রার্থীদের সমর্থনে ব্যাপক প্রচার কার্য অব্যাহত রেখেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ বি জে পি মিত্র জোটের কাজীরাঙ্গা লোকসভা আসনের প্রার্থী

কামাখ্যা প্রসাদ তাসার পক্ষে গোলাঘাট জেলার বিভিন্ন আঞ্চলে প্রচার চালান । মুখ্যমন্ত্রী হোজাই এং দেড়গাওয়ে দুটি পৃথক পৃথক নির্বাচনী জনসভায়ও অংস গ্রহণ করেন । এর আগে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা যোরহাট লোকসভা আসনের প্রার্থী তপন গগৈর পক্ষে কয়েকটি প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।এই কার্যসূচিতে মন্ত্রী পীযূষ হাজরিকা , অজন্তা নেওয়গ , বিধায়ক ভবেন্দ্রনাথ ভরালী এবং মিত্র জোটের কয়েকজন নেতা উপস্থিত ছিলেন । মুখ্যমন্ত্রী আজ বিকেলে ডিব্রুগড়ে একটি নির্বচনী সভায় অংশ গ্রহণ করেন ।

একইভাবে , বি জে পি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিব্রুগড়ের লাইপুলি মরাণকারী গ্রাম , মহাকালি চা-বাগান এবং নেপালি খেলার মাঠে প্রচার চালান । দরং-ওদালগুড়ি লোকসভা আসনের বি জে পি মিত্র জোটের প্রার্থী দীলিপ শইকীয়া আজ ওই আসনের বিভিন্ন অঞ্চলে আয়োজিত কয়েকটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।

এদিকে কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ আজ ডিমৌ রাজাবারি বাগানে উপস্থিত হয়ে জোরদার প্রচার চালান । কংগ্রেস দলের আরো এক নেতা তথা প্রাক্তন মন্ত্রী এতোয়া মুন্ডা গহপুরের বিভিন্ন চা-বাগান অঞ্চলে দলীয় প্রার্থীর পক্ষে প্রচার চালান । অন্যদিকে বি পি এফ দলের খাম্পা বরগোহাই আজ কোকরা ঝারের বিভিন্ন অঞ্চলে প্রচার চালান ।

অসম জাতীয় পরিষদ দলের নেতা তথা বিরোধী ঐক্যমঞ্চের ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী লুরিনজ্যোতি গগৈ আজ বগিবিল গ্রাম পঞ্চায়েত এলাকা , তিলৌ গ্রাম বাজার প্রেক্ষাগৃহ সহ বেশ কয়েকটি স্থানে প্রচার কার্যে অংশ গ্রহণ করেন । এদিকে বিরোধী ঐক্যমঞ্চের অংশিদার হিসেবে সি-পি-আই-এম দলও আজ লুরিনজ্যোতি গগৈর পক্ষে তিনসুকীয়া জেলার বিভিন্ন বাগান এলাকায় প্রচার চালায় ।

---

গোলাঘাট জেলার মেরাপানীতে আজ কংগ্রেস দলের জাতীয় সাধারণ সম্পাদক জীতেন্দ্র সিং , সম্পাদক পৃথীরাজ সিং , আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি ভুপেন বরা সহ বহু সংখ্যক নেতা কর্মীরা কাজিরাঙা আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী রোজলীনা তির্কীর হয়ে প্রচার চালান ।এই কার্যসূচীতে বিধায়ক অখিল গগৈ , নন্দিতা দাস উপস্থিত ছিলেন ।

এদিকে বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আগামী মংগলবার তিনসুকিয়ায় একটি নির্বাচনী জনসভায় অংশ নিতে আসামে আসার কথা রয়েছে ।

অন্যদিকে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার চালালোর জন্য আম আদমী পার্টির নেত্রী তথা দিল্লী সরকারের মন্ত্রী অতিশী  নির্বাচনী সভায় অংশ গ্রহণ করতে আগামীকাল থেকে তিনদিন প্রচার চালাতে আসামে আসছেন । নেত্রী ডিব্রুগড় ও শোনিতপুর লোকসভা আসনের দলীয় প্রার্থী মনোজ ধানোয়ার ও ঋষিরাজ কৌন্দিন্যর হয়ে প্রচার চালাবেন । তিনি আগামীকাল

দুলিয়াজানে আপের প্রার্থীর হয়ে প্রচার চালানো সহ বিকেলে সংবাদ মাধ্যমের সংগে মত বিনিময় করবেন । আগামী সোমবার তিনি তিনসুকিয়ায় সংবাদ মাধ্যমের সংগে মত বিনিময় করা সহ মার্ঘারিটায় মটর সাইকেল মিছিল ও নির্বাচনী সভায় অংশ গ্রহণ করবেন । আগামী ১০ ই এপ্রিল তিনি তেজপুরের প্রার্থীর হয়ে রোড শোতে অংশ নেবেন ।

---

নির্বাচন কমিশন বলেছে যে লোকসভা নির্বাচন ঘোষণা  হওয়ার মাত্র ২০ দিনের মধ্যে সুবিধা পোর্টালের মাধ্যমে ৭৩ হাজারের অধিক আবেদন জমা পড়েছে । নির্বাচনী প্রচার কার্যের  গুরুত্ব উপলব্ধি করে সুবিধা পোর্টালের মাধ্যমে সমাবেশের আয়োজন , রাজনৈতিক দলের অস্থায়ী কার্যালয় উদ্বোধন , ঘরে ঘরে প্রচার , ভি-ডি-ও ভ্যান , হেলিকপ্টার , বাহণের অনুজ্ঞা পত্র লাভ করা এবং প্রচার সামগ্রী বিতরণ করার অনুমতি প্রদানের ব্যবস্থা করা হয়েছে ।

কমিশন জানিয়েছে যে প্রাপ্ত আবেদনের মধ্যে ৪৪ হাজার ৬শোর অধিক আবেদনে ইতিমধ্যেই অনুমোদন জানানো হয়েছে এবং দল তথা প্রার্থীদের জন্য সমান সুযোগ প্রদান করা হয়েছে । উল্লেখ্য যে সুবিধা পোর্টাল নির্বাচনী ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বচ্ছতা বজায় রাখার ক্ষেত্রে সহায়ক হয়েছে । কমিশন আরো জানিয়েছে যে প্রায় ১১ হাজার ২শো আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে এবং আরো ১০ হাজারের অধিক আবেদন বাতিল করা হয়েছে । বাকি আবেদন পত্র গুলি খতিয়ে দেখা হচ্ছে । সুবিধা পোর্টাল হচ্ছে স্বতন্ত্র , নিরপেক্ষ এবং স্বচ্ছ নির্বাচনের গণতান্ত্রিক আদর্শ মেনে সবাইকে সমান সুযোগ প্রদানের উদ্দেশ্যে নির্বাচন কমিশনের প্রস্তুত করা একটি অন্যতম প্রযুক্তি । রাজনৈতিক দল এবং প্রার্থীরা নির্বাচনী প্রচারের অনুমতির জন্য এই পোর্টালের মাধ্যমে অন-লাইন যোগে আবেদন জানাতে পারে । একই সঙ্গে অফ-লাইন যোগে আবেদন জানানোর প্রক্রিয়াও চালু রাখা হয়েছে ।

---

ভারতীয় সেনা বাহিনীর তিনটি শাখার এক যৌথ সম্মেলন আগামীকাল নতুন দিল্লীতে অনুষ্ঠিত হবে । পরিবর্তন চিন্তন নামক এই সম্মেলনের মূল উদ্দেশ্য হচ্ছে নতুন ভাবনা , নতুন চিন্তা এবং নতুন সংস্কারের মাধ্যমে সেনা বাহিনীর তিনটি শাখার মধ্যে সমন্বয়কে আরো বেশী সুদৃঢ় করা । তিনিটি বাহিনীর প্রধান ( সি-ও-ডি-এস ) অনিল চৌহানের পৌরহিত্যে নতুন দিল্লীতে আগামীকাল এই সম্মিলন অনুষ্ঠিত হবে । সেনা বাহিনীর তিনটি শাখা প্রধানের পৌরহিত্যে এবং তিন বাহিনীর প্রধানের উপস্থিতিতে এটিই হচ্ছে প্রথম যৌথ সম্মেলন ।

---

ভারতীয় আবহ বিজ্ঞান বিভাগ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আগামী ৬ দিন বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং ওই সময় প্রতি ঘন্টায় ৫০ কিলোমিটার বেগে বাতাস বইতে পারে বলে পূর্বাভাষ জারী করেছে । একই সঙ্গে ওই সময় মহারাষ্ট্র , মধ্যপ্রদেশ , চন্ডিগড় , পশ্চিমবঙ্গ এবং ওড়োষ্যার বিভিন্ন অংশে আজ আবহাওয়া খারাপ থাকবে বলেও সতর্কতা জারী করেছে । সূত্রে আরো জানানো হয়েছে যে আগামী ৬ দিন দেশের বিভিন্ন অংশে গ্রীষ্ম প্রবাহের প্রকোপ অব্যাহত থাকার সম্ভাবনা রয়েছে ।

---

সি পি আই দলের সাধারণ সম্পাদক ডি রাজা আজ নতুন দিল্লীতে আসন্ন লোকসভা নির্বাচনের জন্য দলীয় ইস্তাহার প্রকাশ করেছেন । ইস্তাহারে পুরনো পেনশন ব্যবস্থা সম্পূর্ণভাবে বহাল এবং বেসরকারী ক্ষেত্রে সংরক্ষণ ব্যবস্থা বহাল করা তথা সার্বজনীন ক্ষেত্রকে সমান সুযোগের ভিত্তিতে এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে । ইস্তাহারে সবাইকে সুলভ স্বাস্থ্য এবং শিক্ষার ব্যবস্থা করার জন্য এই দুটি ক্ষেত্রে আরো বেশী তহবিলের দাবী করা সহ মহিলাদের সংরক্ষণের জন্য কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রী রাজা বলেন যে এবারের লোকসভা নির্বাচন দেশ এবং এর ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে ।

---

আজ বিশ্ব স্বাস্থ্য দিবস । স্বাস্থ্যের প্রতি সমগ্র বিশ্বে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে প্রতি বছর ৭ মার্চ দিনটি বিশ্ব স্বাস্থ্য দিবস পালন করা হয় । এ বছরের এই দিবসের মূল বিষয়স্তু হচ্ছে  আমার স্বাস্থ্য আমার অধিকার । অত্যাবশ্যকীয় স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত বিশ্বের মোট জনসংখ্যার অর্ধেকের অধিক অর্থাৎ ৪শো ৫০ কোটি লোককে স্বাস্থ্য সেবা প্রদান করার উদ্দেশ্যে এই বিষয়বস্তু গ্রহণ করা হয়েছে বলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানিয়েছে । আকাশ বাণীর সঙ্গে কথা বলার সময় নতুন দিল্লীর অখিল ভারতীয় আয়ুবিজ্ঞান প্রতিষ্ঠানের অধ্যাপক ডাক্তার রিমা দাদাই জানিয়েছেন যে জীবনশৈলী পরিবর্তন করে এবং যোগাভ্যাসকে গ্রহণ করে বিশেষ করে যুব প্রজন্মের মধ্যে বিপজ্জনকভাবে বৃদ্ধি পাওয়া জীবনশৈলী জনিত রোগ দূর করা সম্ভব ।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বাস্থ্য সম্পর্কে সমগ্র বিশ্বের মনোযোগ আকর্ষন করার উদ্দেশ্যে সংস্থার প্রতিষ্ঠা দিবসের সঙ্গে সঙ্গতি রেখে ১৯শো ৫০ সালে প্রথম বারে মত বিশ্ব স্বাস্থ্য দিবস পালন করেছিল ।

---

করিমগঞ্জ জেলায় ও আজ বিশ্ব স্বাস্থ্য দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষে আজ করিমগঞ্জ জেলার আদমটীলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয় ।শিবিরে বিনামূল্যে রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করা হয় ।

---

করিমগঞ্জ জেলার পোষ্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে আগামীকাল জেলার ১০টি কেন্দ্রে প্রিসাইডিং এবং ফাষ্ট পোলিং অফিসারদের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে এবং  প্রশিক্ষন কেন্দ্রে ভোট ফেসিলিটেশন কেন্দ্র খোলা হবে । সেখানে ভোটের কাজে নিযুক্ত কর্মী এবং আধিকারীকদের মধ্যে ১২ নম্বর ফর্ম বিতরন  এবং সংগ্রহ করার সুবিধা থাকবে । ভোট কর্মীদের ফেসিলিটেশন কেন্দ্রগুলি থেকে ১২ নম্বর ফর্ম সংগ্রহ করতে এবং প্রয়োজনীয় নথি পত্র জমা দিতে আহ্বান জানানো হয়েছে । উল্লেখ্য আগামীকাল করিমগঞ্জ সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , রবীন্দ্র সদন মহিলা কলেজ , নীলমনি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , এম এম এম সি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ভোট কর্মী প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । এছাড়া নিলাম বাজার কলেজ , বারইগ্রাম জাফরগড় এক্সটেন্ডড উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , পাথারকান্দি মডেল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও প্রেমময়ী সিনিয়র বেসিক স্কুল , রামকৃষ্ণ নগর কলেজ এবং আনিপুরের নারায়ন নাথ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে প্রশিক্ষন শুরু হবে ।

---

হাইলাকান্দির জেলা নির্বাচনী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আসন্ন লোকসভা নির্বাচনে যাদের ভোটার পরিচয় পত্র নেই , তারা ভোট কেন্দ্রে শনাক্ত করনের  জন্য অন্যান্য কিছু নথি দেখাতে পারবেন । এ ক্ষেত্রে যেসব নথি প্রযোজ্য হবে সেগুলি হচ্ছে- আধার কার্ড , এম জি এন রেগার জব কার্ড , ব্যাংক বা ডাকঘরের পাসবুক , শ্রম মন্ত্রকের অধীন জারী করা স্বাস্থ্য বীমা স্মার্ট কার্ড , ড্রাইভিং লাইসেন্স , প্যান কার্ড , পাসপোর্ট , ছবি সহ পেনশনের বই , কেন্দ্র , রাজ্য বা পাবলিক লিমিটেড কোম্পানী প্রদত্ত পরিচয় পত্র, স্থানীয় সাংসদ বা বিধায়ক দ্বারা প্রদত্ত পরিচয় পত্র , সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রক প্রদত্ত বিশেষভাবে সক্ষম পরিচয় পত্র রয়েছে ।

---

---